

২০২৩

বাংলা

(অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

পঞ্চম সেমিস্টার

কোর্স কোড : BNGH-DSE-T-2

(বাংলাদেশ ও বহির্বঙ্গে বাংলা ভাষায় রচিত সাহিত্য)

[নতুন পাঠ্যক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- ক) “—চোখের মধ্যে অভিমানের রাগ থাকত,/বাবা থাকত,
বোন থাকত,/ভালোবাসার লোক থাকত....” — উদ্ধৃতাংশটি
কার লেখা, কোন কবিতার অংশ? কথাগুলি কে বলেছেন?
- খ) “শামসুর রাহমানের জন্য এলিজি /অগ্নিসঙ্গম—” — কার
লেখা, কোন কবিতার অংশ? শামসুর রহমান কে?
- গ) “বাঁকের মোড়েই হঠাৎ আসে রাজা মাটির টিলা...” — কার
লেখা, কোন রচনার অংশ?

[পরপৃষ্ঠায়]

- ঘ) “যেন কত যুগ ধরে ঠায় বসে আছে/কোনও ঝড়, জাতীয় বিদ্যুৎ-চমক তোমাকে টলাতে পারে না।” — উদ্ধৃতাংশটি কোন রচনার অংশ? কে ঠায় বসে আছে?
- ঙ) “সাঁঝ বেলায় মায়ের ঠেয়ে যাবো—”। — উদ্ধৃতাংশটি কার লেখা, কোন রচনার অংশ? ‘ঠেয়ে’ শব্দের অর্থ কী?
- চ) “—ওঁদের আমি দেখতে পাচ্ছি না। কথা শুনতে পাচ্ছি। বউটি চাপা হেসে বললেন, বুঝবেন পরে।” — কে কাকে একথা বলেছেন? বউটির পরিচয় দাও।
- ছ) “সমস্ত পাহাড় প্রতিধ্বনি করে। শরীরে এক অদ্ভুত ভালোবাসা কাজ করে কমলার।—” — কার লেখা, কোন রচনার অংশ? কমলার পরিচয় দাও।
- জ) “গত তিন-চার বছর পুরোটা পাহাড় এতো ভুখা হয়ে গেছে যে চিন্তাই করা যায় না। জল নেই, শুখা,—” — কার লেখা, কোন রচনার অংশ? কে একথা বলেছেন?
- ঝ) “জিন্দা লাশের মতো শুয়ে রইল হাত পা ছড়িয়ে, একদম চুপ।” — উদ্ধৃতাংশটি কার লেখা? কোন রচনার অংশ? এখানে কার সম্পর্কে এই উক্তি করা হয়েছে?
- ঞ) “‘পেনিট্রেশন’ না হলে, আইনের সংজ্ঞায় রেপ হয় না, তাই দলের শেষ মহিলাটি জানতে চান —” — উদ্ধৃতাংশটি কোন রচনার অংশ? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে?
- ট) “ভাষা সংস্কার ও বাঙালি চেতনার বিকৃতি” — প্রবন্ধটি কবে, কোথা থেকে প্রকাশিত হয়?

- ঠ) “—যে অর্থে কথাগুলো ব্যবহৃত তার পাশে যদি ‘ঈশান বাংলা’ কথাটা রাখি এর অর্থ কি দাঁড়ায় না যে এই অঞ্চলটি বৃহত্তর বাংলার উত্তর-পূর্ব অংশ?” — উদ্ধৃতাংশটি কার লেখা? কোন রচনার অংশ? ‘ঈশান’ - শব্দের অর্থ লেখো।
- ড) ‘একুশের চিন্তা’ প্রবন্ধটির অধ্যায় সংখ্যা কত? প্রাবন্ধিক কোন রাজ্যের লেখক?
- ঢ) “ঐ পশ্চিম কোণে। ঐ কিনারের শেষ লাল বান্ধানো কবরের পাড়,” — কে একথা বলেছেন? কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন?
- ণ) “এটা স্যার ঠিকই বলেছেন। সব একেবারে হারামির বাচ্ছা। বেতনটাকে পাওনা দাবি হিসেবে আদায় করতে চায়, নিমক বলে মানে না,” — কার লেখা, কোন রচনার অংশ? কে, কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) “আমি হয়তো মানুষ নই, মানুষগুলো অন্যরকম।” কবি নির্মলেন্দু গুণ। — ‘মানুষগুলো অন্যরকম’ বলতে কী বুঝিয়েছেন পাঠ্য কবিতা অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।
- খ) অশোক বিজয় রাহা রচিত ‘একটি সন্ধ্যা’ কবিতার মূলভাব সংক্ষেপে আলোচনা করো।
- গ) দীপক দেব রচিত ‘গুলি আর গুলির শব্দ’ গল্প অবলম্বনে ‘ওয়াকি’-চরিত্রটির গুরুত্ব বিচার করো।
- ঘ) “... সব মিলিয়ে এই ভুবনের সাহিত্য বাংলা সাহিত্যকেই সমৃদ্ধ করেছে— যা অন্য ভুবনের পক্ষে সম্ভব ছিল না।” — প্রাবন্ধিকের এই বক্তব্যের যথার্থতা প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

ঙ) “আরবি ফারসি-উর্দু ভাষাও মুসলমানের ভাষা নয়।” —
প্রসঙ্গ উল্লেখ করে প্রাবন্ধিকের এই বক্তব্যের তাৎপর্য বিচার
করো।

চ) মুনীর চৌধুরী রচিত ‘কবর’ নাটক অবলম্বনে ‘মূর্তি’ চরিত্রটির
গুরুত্ব বিচার করো।

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) কবি স্বপন সেনগুপ্ত রচিত ‘আজও কি বৃষ্টি হবে না’ —
কবিতাটির মূলভাব কবিতা অবলম্বনে আলোচনা করো।

খ) হাসান আজিজুল হক রচিত ‘জননী’ গল্পের নামকরণের
সার্থকতা বিচার করো।

গ) বিশ্বজিৎ চৌধুরী রচিত ‘একুশের চিন্তা’ প্রবন্ধের মূল বক্তব্যগুলি
আলোচনা করো।

ঘ) মুনীর চৌধুরী রচিত ‘কবর’ নাটকের নামকরণের সার্থকতা
বিচার করো।